যায়যায়দিন

তারিখ ... 2 FEB 2009 ...
পৃষ্ঠা ...১৮... কলাম ... ২ ...

# ক্যাম্পাসে প্রধানমন্ত্রীর আগমনে ছাত্রলীগের ফুলেল শুভেচ্ছা

## -- ছাত্রদলের কালোব্যাজ ধারণ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমনের প্রতিবাদে ছাত্রদল কালো ব্যাজ ধারণ করেছে। অন্যদিকে ছাত্রলীগের নেতাকর্মীরা ক্যাম্পাসে মিছিল করে ফুলেল শুভেচ্ছার মাধ্যমে শেখ হাসিনাকে বরণ করে। এদিকে ছাত্রদলের নেতাকর্মীরা সকাল থেকেই কালোব্যাজ ধারণ করে ক্যাম্পাসে অবস্থান করে। এ সময় ক্যাম্পাসে কয়েকটি পয়েন্টে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন করা হয়। প্রধান দুই ছাত্র সংগঠনের পাল্টাপাল্টি অবস্থানে ক্যাম্পাসে উত্তেজনা সৃষ্টি হলেও ক্যাম্পাসে অপ্রীতিকর কোনো ঘটনা ঘটেনি।

ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল সভাপতি হাসান মামুন ও সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজের নেতৃত্বে নেতাকর্মীরা কালোব্যাজ ধারণ করে। এ সময় ছাত্রদলের কেন্দ্রীয়, বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন হল শাখার নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। অন্যদিকে প্রধানমন্ত্রীর আগমনের খবরে সকাল থেকে ছাত্রলীগের নেতাকর্মীরা ব্যাপক প্রস্তুতি নেয়। দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি হল থেকে ছাত্রলীগের নেতাকর্মীরা মিছিল করে মধুর ক্যান্টিনে জড়ো হন। পরে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি সোহেল রানা টিপু ও সাধারণ সম্পাদক সাজ্জাদ সাকিব বাদশার নেতৃত্বে নেতাকর্মীরা বাংলা একাডেমীতে গিয়ে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানান। এ সময় বাংলা একাডেমীতে ছাত্রলীগের সভাপতি মাহমুদ হাসান রিপন, সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটন, রিপন পোদ্দার, ইকবাল মাহমুদ বাবলু প্রমুখ উপস্থিত ছিলেন।